# ২০১৯
# বাংলা

## এম. এ. দ্বিতীয় বর্ষ (DODL)

### সপ্তম পত্র

### বিশেষ পত্র ঃ ভাষাবিজ্ঞান

পূর্ণমান : ৯০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

### ক - বর্গ

যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ

১। বাঙমীমাংসা, ব্যাকরণ ও ভাষাবিজ্ঞানের স্বরূপ, বিশ্লেষণ ও পার্থক্য নিরূপণ করো। ৫+৫+৫=১৫

২। ঐতিহাসিক ও বর্ণনামূলক ভাষাবিজ্ঞান বলতে কী বোঝ? উভয় পদ্ধতির বিশ্লেষণ করে পারস্পরিক নির্ভরশীলতা ও পার্থক্য বুঝিয়ে দাও। ৭.৫+৭.৫=১৫

৩। ভাষাঋণের সংজ্ঞাসহ প্রকারভেদ করো। এই প্রসঙ্গে ভাষা সংযোগের স্বরূপ বুঝিয়ে দাও। ১০+৫=১৫

৪। নব্যভারতীয় আর্যভাষার সময়সীমা, নিদর্শন ও বৈশিষ্ট্যসমূহের পরিচয় দাও। ১৫

৫। বাহ্য পুনর্গঠনের স্বরূপ আলোচনা করো। এই পদ্ধতির সাহায্যে কীভাবে ভাষার অতীত রূপ গড়ে তোলা সম্ভব তা উদাহরণসহ আলোচনা করো। ৩+১২=১৫

*[পরের পাতায়]*

৬। আধুনিক বাংলা ভাষার জীবন্ত নিদর্শন কী? এই ভাষার সময়সীমা ও নিদর্শনসমূহের পরিচয় দিয়ে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১+৪+১০=১৫

### খ - বর্গ

যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ

৭। স্বনিম বলতে কী বোঝ? বাংলা ভাষার স্বরস্বনিম ও অনুনাসিক স্বরস্বনিমগুলি নির্ণয় করো। প্রসঙ্গত বুঝিয়ে দাও বাংলা ভাষার যতগুলি বর্ণ আছে ততগুলি স্বনিম নেই। ২+১০+৩=১৫

৮। রূপিমের সংজ্ঞাসহ বৈশিষ্টাবলী আলোচনা করো। নীদার তিনটি সূত্রকে সামনে রেখে বাংলা ভাষার রূপিম নির্ণয়ের বিষয়টি বুঝিয়ে দাও। ৪+১১=১৫

৯। অক্ষর বলতে কী বোঝ? বর্ণের সঙ্গে অক্ষরের পার্থক্য নিরূপণ করো। বাংলা অক্ষর গঠনের বৈশিষ্ট্যাবলী উদাহরণসহ আলোচনা করো। ৩+৩+৯=১৫

১০। সংযুক্ত ব্যঞ্জন বলতে কী বোঝ? সংযুক্ত ব্যঞ্জনের বৈশিষ্ট্যাবলী আলোচনা করে বাংলা ভাষার ব্যঞ্জনগুলি নির্ণয় করো। ৩+৩+৯=১৫

১১। বচন বলতে কী বোঝ? একবচন ও বহুবচনের গঠনরূপ আলোচনা করো। ৩+১২=১৫

১২। সুরতরঙ্গের স্বরূপ আলোচনা করো। বাংলা ভাষার বিভিন্ন বাক্যকে সুরতরঙ্গের আলোকে রেখচিত্রসহ বুঝিয়ে দাও। ৩+১২=১৫

---

# ২০১৯
# বাংলা

## এম. এ. দ্বিতীয় বর্ষ (DODL)

### সপ্তম পত্র

### বিশেষ পত্র ঃ নাট্যসাহিত্য

পূর্ণমান : ৯০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রতিটি পর্যায় গ্রন্থ থেকে ন্যূনতম একটি করে মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দাও।

### পর্যায় গ্রন্থ - ১

১। 'কুলীনকুলসর্বস্ব' নাটকে নারী চরিত্রগুলি উপস্থাপনায় রামনারায়ণ তর্করত্ন যে সাফল্যের পরিচয় দিয়েছেন তার কারণ নির্দেশ করে কয়েকটি নারী চরিত্রের পরিচয় দাও।

**অথবা**

'কুলীনকুলসর্বস্ব' নাটকটির নামকরণ কতদূর সার্থক হয়েছে তা আলোচনা করে দৃষ্টান্ত সহযোগে বুঝিয়ে দাও। ১৫

২। 'সধবার একাদশী' কী জাতীয় রচনা? ট্র্যাজেডি, কমেডি, প্রহসন, সমাজচিত্র অথবা অন্য কিছু? তোমার অভিমত যুক্তিসহ প্রতিষ্ঠা করো।

*[পরের পাতায়]*

**অথবা**

'সধবার একাদশী' নাটকে কৌতুকরসের যে পরিচয় পাওয়া যায়, তা দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ১৫

## পর্যায় গ্রন্থ - ২

৩। ঐতিহাসিক নাটকরূপে 'কৃষ্ণকুমারী' কতদূর সার্থক তা আলোচনা করো।

**অথবা**

'কৃষ্ণকুমারী' নাটকে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব কতদূর কার্যকর হয়েছে, তা নিরূপণ করো। ১৫

৪। 'আলিবাবা' নাটকে কৌতুকরসের যে পরিচয় পাওয়া যায় তা দৃষ্টান্তসহ আলোচনা করো।

**অথবা**

'আলিবাবা' নাটকে আবদালা চরিত্রটি অবিচারের শিকার—অভিমতটি সপ্রসঙ্গ ব্যাখ্যা করো। ১৫

## পর্যায় গ্রন্থ - ৩

৫। কালের যাত্রায় শোষিত, বঞ্চিত, অন্ত্যজ গোত্রের মানুষজনের ক্ষমতায়নের প্রসঙ্গ 'রথের রশি' নাটিকায় কীভাবে উন্মোচিত হয়েছে তা আলোচনা করো।

**অথবা**

'রথের রশি' নাটকে রবীন্দ্রনাথের সমাজভাবনার সঙ্গে এসে মিলেছে ইতিহাসের বীক্ষা।— বুঝিয়ে দাও। ১৫



৬। 'দেবীগর্জন' নাটকে প্রভঞ্জন ও ত্রিভুবন একই শ্রেণীর প্রতিনিধি হয়েও একই ছাঁচের চরিত্র নয় কেন?—বিশ্লেষণ করো।

**অথবা**

'দেবীগর্জন' নাটকের নামকরণ সম্পর্কে ব্যাখ্যা দাও। ১৫

## পর্যায় গ্রন্থ - ৪

৭। 'সিরাজদ্দৌলা' নাটকে সিরাজ চরিত্রে কোনও অন্তর্দ্বন্দ্ব ও আত্মসমালোচনা লক্ষ করা যায় কিনা বিচার করো।

**অথবা**

'সিরাজদ্দৌলা' নাটকে ট্র্যাজেডি কার? দেশের না ব্যক্তি সিরাজের? তোমার অভিমতের সমর্থনে যুক্তি দাও। ১৫

৮। একাঙ্ক নাটকের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে 'দেবী' একাঙ্ক নাটকের সার্থকতা বিচার করো।

**অথবা**

'এক সন্ধ্যায়' নাটকের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। একাঙ্ক নাটকরূপে এই নাটকটির সার্থকতার স্বরূপ নির্ণয় করো। ১৫

———————

# ২০১৯
# বাংলা
## এম. এ. দ্বিতীয় বর্ষ (DODL)
### সপ্তম পত্র
### বিশেষ পত্র ঃ রবীন্দ্র সাহিত্য

পূর্ণমান : ৯০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রতিটি পর্ব থেকে ন্যূনতম একটি করে
মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দাও।

### পর্ব - ১

১। ‘আজকে খবর পেলেম খাঁটি/মা আমার এই শ্যামল মাটি’— কোন্ কবিতায় কবি একথা বলেছেন? বক্তব্যটির তাৎপর্য বিশদ করো।

**অথবা**

‘শেষ বসন্ত’ কবিতার মূল বক্তব্য উপস্থাপন করো। প্রসঙ্গত কবিতাটির সঙ্গে পূরবী পর্বের আবহ কীভাবে ক্রিয়াশীল রয়েছে তা বুঝিয়ে দাও। ১৫

২। ‘প্রান্তিক’ কাব্যের কয়েকটি কবিতায় কবির তীব্র জীবনপিপাসা প্রকাশ পেয়েছে। কবিতাগুলি অবলম্বনে এই জীবন পিপাসার স্বরূপ ব্যাখ্যা করো।

*[পরের পাতায়]*

**অথবা**

'প্রান্তিক' কাব্যের শেষ দুটি কবিতায় সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে বিদ্রোহ ধ্বনিত হয়েছে তা বিশদ করো। ১৫

## পর্ব - ২

৩। রবীন্দ্রনাথ 'রাজা' নাটককে বলেছেন, 'Inner drama of the soul'— নাটকের বিষয়বস্তু বিশ্লেষণ করে মন্তব্যটির যাথার্থ্য প্রতিস্থাপন করো।

**অথবা**

রবীন্দ্রনাথের 'রাজা' নাটক অবলম্বনে রাজার স্বরূপ বুঝিয়ে দাও। ১৫

৪। প্রকৃতি ও নারী এই দুইয়ের সঙ্গে রাজপুত্র কীভাবে তাসের দেশের প্রাণের জোয়ারে ছিল তা বর্ণনা করো।

**অথবা**

'তাসের দেশ' নাটকটি রবীন্দ্রনাথ সুভাষচন্দ্র বসুকে উৎসর্গ করেছিলেন এই নিবেদনের যাথার্থ্য কোথায় তা আলোচনা করো। ১৫

## পর্ব - ৩

৫। 'চতুরঙ্গ'কে কি মনস্তাত্ত্বিক উপন্যাস বলা যায়? উপন্যাসের বিষয়বস্তু বিশ্লেষণ করে তোমার অভিমত দাও।

**অথবা**

জ্যাঠামশাই অংশ 'চতুরঙ্গ' উপন্যাসের ভিত্তিভূমি রচনা করেছে— মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১৫



৬। 'মালঞ্চ' উপন্যাসের মালঞ্চ চরিত্রটি রবীন্দ্রসৃষ্ট চরিত্র হিসেবে কোথায় বিশিষ্টতার অধিকারী তা বিশ্লেষণ করো।

**অথবা**

আয়তনে ক্ষুদ্র 'মালঞ্চ'— এর উপন্যাস ধর্ম রক্ষিত হয়েছে তা আলোচনা করে দেখাও। ১৫

## পর্ব - ৪

৭। 'লিপিকা'-র কয়েকটি রচনা ছোটগল্পের লক্ষণাক্রান্ত— উপযুক্ত উদ্ধৃতিযোগে মন্তব্যটি প্রতিষ্ঠা করো।

**অথবা**

'লিপিকা' কোন্ অর্থে কেন 'লিপিকা'?— এর অভিনব শিল্প সম্পর্কে আলোচনা করে গ্রন্থটির গোত্র নির্ণয় করো। ১৫

৮। 'মানুষের ধর্ম' কেন্দ্রিক আলোচনায় রবীন্দ্রনাথ কীভাবে বাউলের অন্বেষণকে মানুষের ধর্মের সঙ্গে যুক্ত করেছেন তা ব্যাখ্যা করো।

**অথবা**

'মানুষের ধর্ম' অবলম্বনে জীবদেহ ও বিশ্বদেহ জীবভাব ও বিশ্বভাব সম্পর্কিত ধারণার পরিচয় দাও। ১৫

———————